

বাংলাদেশ



গেজেট

জারিত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার: ফেব্রুয়ারী ২০, ১৯৯০

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

পরিকল্পনা বিভাগ

প্র: প্র: শাখা

বিজ্ঞপ্তি

ঢাকা, ৭ই ফাল্গুন, ১৩৯৬/১৯শে ফেব্রুয়ারী, ১৯৯০

নং এস, অরি, ও ৭৫-আইন/৯০-১১৩/৮৮—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৩ অনুচ্ছেদ এর শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারী কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

- ১। সংক্ষিপ্ত শিরোনাম।—এই বিধিমালা গেজেটেড ও নন-গেজেটেড কর্মচারী (পরিকল্পনা কমিশনের এনালি মডেলিং এণ্ড ইকনমিকস উইং এর দক্ষতা বৃদ্ধি প্রকল্প) এর নিয়োগ বিধিমালা, ১৯৯০ নামে অভিহিত হইবে।
- ২। সংজ্ঞাসমূহ।—বিষয় কিংবা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে এই বিধিমালায়,—
 - (ক) “নিয়োগকারী কর্তৃপক্ষ” বলিতে সরকার বুঝাইবে এবং কোন সিদ্ধি পদ অথবা এইরূপ পদ শ্রেণীর সহিত সম্পর্কিত ব্যাপারে সরকার কর্তৃক ক্ষমতা প্রদত্ত যে কোন কর্মকর্তা ইহার অন্তর্ভুক্ত হইবে;

(১৪৪৯)

মুদ্রা: ৬০ পরমা

- (ঘ) “কমিশন” বলিতে বাংলাদেশ সরকারী কর্ম কমিশনকে বুঝাইবে ;
- (গ) “স্বীকৃতিপ্রাপ্ত বোর্ড” বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড বুঝাইবে এবং বিধানালয় উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বলিয়া ঘোষিত অন্য যে কোন শিক্ষা বোর্ড ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ঘ) “স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয়” বলিতে আপাততঃ বলবৎ কোন আইনের দ্বারা বা কোন আইনের অধীনে প্রতিষ্ঠিত কোন বিশ্ববিদ্যালয়কে বুঝাইবে এবং এই বিধানালয় উদ্দেশ্য পূরণকল্পে কমিশনের সহিত পরামর্শক্রমে সরকার কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত বলিয়া ঘোষিত অন্য যে কোন বিশ্ববিদ্যালয় ইহার অন্তর্ভুক্ত হইবে ;
- (ঙ) “প্রয়োজনীয় যোগ্যতা” বলিতে তফসিলে বর্ণিত নির্দিষ্ট পদের যোগ্যতা বুঝাইবে ;
- (চ) “তফসিল” বলিতে বিধানালয় সহিত সংযোজিত তফসিল বুঝাইবে ;
- (ছ) “ডায়ী” বলিতে স্বীকৃতিপ্রাপ্ত বিশ্ববিদ্যালয় হইতে প্রাপ্ত ডায়ী বুঝাইবে ;
- (জ) “নির্দিষ্ট পদ” বলিতে তফসিলে উল্লিখিত পদ বুঝাইবে।

৩। নিয়োগ পদ্ধতি।—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষ এবং সংবিধানে বর্ণিত সংরক্ষণ সংক্রান্ত বিধানালয় পরিপ্রেক্ষিতে জারীকৃত নির্দেশাবলী অনুসরণ সাপেক্ষে কোন নির্দিষ্টকৃত পদে নিম্ন বিধৃত পদ্ধতিতে নিয়োগ দাঙ্গ করা হইবে :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে

অথবা

(খ) প্রেষণে বদলীর মাধ্যমে।

৪। সরাসরি নিয়োগ।—(১) (ক) এই ব্যাপারে গঠিত নিয়োগ কমিটির সুপারিশ ব্যাভে কে কোন নির্দিষ্ট পদে কোন ব্যক্তিকে সাংগরি নিয়োগ করা চলিবে না, এবং (খ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে কোন ব্যক্তিকে কোন নির্দিষ্ট পদে নিয়োগ করা হইবে না যদি তাহার প্রয়োজনীয় যোগ্যতা না থাকে এবং তাহার বয়স উক্ত পদের অন্য তফসিলে বর্ণিত বয়স সীমার মধ্যে না হয়।

(২) কোন ব্যক্তি কোন নির্দিষ্ট পদে সরাসরি নিয়োগের জন্য যোগ্য বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল্ড না হন ; এবং

- (খ) এমন কোন ব্যক্তিকে বিবাহ করেন বা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।
- (৩) কোন নিদিষ্ট পদে সরাসরি নিয়োগ করা হইবে না যদি—
- (ক) গেজেটেড পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য সম্পর্কে স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক কর্তৃক গঠিত মেডিক্যাল বোর্ড এবং না গেজেটেড পদের ক্ষেত্রে তৎকর্তৃক মনোনীত কোন মেডিক্যাল অফিসার এই মর্মে প্রত্যয়ন করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগলাভের যোগ্য নহন এবং তিনি এইরূপ কোন দৈহিক বৈকল্যে ভুগিতেছেন বাহা নিদিষ্ট পদের দায়িত্ব পালনে কোন বাধাত সৃষ্টি করতে পারে, এবং
- (খ) এইরূপ বাছাইকৃত ব্যক্তির পূর্ব-কর্মকাল যথযোগ্য সংস্থার মাধ্যমে প্রতীপাচিত হওয়ার পর বেচা যায় যে, প্রজাতন্ত্রের চাকুরীতে নিয়োগের জন্য তিনি অনুপযুক্ত।
- (৪) কোন ব্যক্তিকে কোন নিদিষ্ট পদে নিয়োগ করা হইবে না, যদি তিনি—
- (ক) উক্ত পদের জন্য দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লেখিত ফিগহ যথাযথ ফরমে ও নিদিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন; এবং
- (খ) সরকারী চাকুরী কিংবা কোন স্বায়ত্তশাসিত কর্তৃপক্ষের চাকুরীতে বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরীতে নিয়োজিত থাকাকালীন স্বীয় উর্ধ্বতন কর্তৃপক্ষের মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।
- ৫। শ্রেণ্যে নিয়োগের বিধান।—তদনিলে ববিত যোগ্যতা পূরণ সাপেক্ষে নিদিষ্ট পদে শ্রেণ্যে নিয়োগ করা হইবে।

তফসিল

ক্রমিক নং।	নির্দিষ্ট পদের নাম	সরকারি নিয়োগের জন্য বয়স সীমা।	নিয়োগ পদ্ধতি	প্রয়োজনীয় যোগ্যতা
১	২	৩	৪	৫
১	উপ-প্রবান (এনালি ইকন মিট)।	৩০—৪০ বৎসর	সরকারী অফিসের উপ-প্রবানের সমপদ সর্বাঙ্গসম্পন্ন কোন কর্মকর্তাকে প্রোগ্রেসে বন্দীরা মাধ্যমে অথবা সরাসরি নিয়োগের মাধ্যমে।	প্রোগ্রেসে বন্দীর জন্য: উপ-প্রবান বা সমপর্ষায়ের পদের নিয়োগিত হইতে হইবে এবং এনালি পরি- কল্পনা ও উন্নয়নে কমপক্ষে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা থাকিতে হইবে। সরাসরি নিয়োগের জন্য: অর্ধনীতি বা উন্নয়ন অর্ধনীতিতে পি এইচ ডি ডিগ্রী এবং এনালি পরি- কল্পনা উন্নয়নে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতাসহ পরিচালনা কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা।
				অথবা
				অর্ধনীতি বা উন্নয়ন অর্ধনীতিতে প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রীসহ দ্বিতীয় শ্রেণীর সম্মান ডিগ্রী এবং এনালি পরিচালনা ও উন্নয়নে কমপক্ষে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতাসহ পরিচালনা কাজে কমপক্ষে ১০ (দশ) বৎসরের অভিজ্ঞতা।

২ সহকারী প্রধান

(চিনিয়ার প্রোগ্রামার)।

২৭—৩৫ বৎসর

সরকারী অফিসের সহকারী প্রধানের
সমপদ সর্বাঙ্গসম্পন্ন কোন কর্মকর্তাকে
শ্রেণিতে বদলীর মাধ্যমে অথবা সরাসরি
নিয়োগের মাধ্যমে।

শ্রেণিতে বদলীর জন্য : কম্পিউটার সিস্টেম ব্যবস্থাপনা
এবং এনালজি পরিকল্পনা ও উন্নয়নে কম্পিউটারের
বাস্তব প্রয়োগে কমপক্ষে ৭ (সাত) বৎসরের
অভিজ্ঞতা সম্পন্ন সহকারী প্রধান বা সমপর্ষদের
পদাধিকারী হইতে হইবে।

সংসার নিয়োগের জন্য : (ক) প্রকৌশলে পি এইচ
ডি ডিগ্রীসহ কম্পিউটার সিস্টেম ব্যবস্থাপনা এবং
এনালজি পরিকল্পনা ও উন্নয়নে কম্পিউটারের বাস্তব
প্রয়োগে ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা।

অথবা

প্রকৌশলে প্রথম শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ প্রায়গিক
ক্ষেত্রে ৩ (তিন) বৎসরের অভিজ্ঞতা।

অথবা

অর্থনীতি, পিসংখ্যান, ব্যবসা প্রশাসন অথবা পবিত্র
এ প্রথম শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী অথবা দ্বিতীয়
শ্রেণীর স্নাতকসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর ডিগ্রী-
সহ কম্পিউটার সিস্টেম ব্যবস্থাপনা এবং এনালজি
পরিকল্পনা ও উন্নয়নে কম্পিউটারের বাস্তব প্রয়োগে
৫ (পাঁচ) বৎসরের অভিজ্ঞতা, এবং

(খ) কোন প্রকৌশল কম্পিউটার গোসাইটির
এসোসিয়েট সদস্য।

৫

৪

৩

২

৩ সহকারী প্রধান
(ইকসিটি)।

২৭—৩৫ বংসর

সরকারী অফিসের সহকারী প্রধানের
সরপদ মর্যাদাসম্পন্ন কর্মকর্তাকে প্রেষণে
বদলীর মাধ্যমে অথবা সরাসরি নিয়ো-
গের মাধ্যমে।

প্রেষণে বদলীর জন্য: পবেষণা কর্মকর্তা, সম্পর্ধা-
য়ের পদ এবং/অথবা সহকারী প্রধান পদের এনালি-
সি: বাল্পনা ও উন্নয়নে কমপক্ষে ৭ (সাত) বংসরের
অভিজ্ঞতা থাকিতে হইবে।

সরাসরি নিয়োগের জন্য: অর্থনীতি বা উন্নয়ন অর্ধ-
নীতি: ত পি এইচ ডি ডিগ্রীসহ এনালি পরিবাল্পনা
ও উন্নয়নে কমপক্ষে ৪ (চার) বংসরের অভিজ্ঞতা।

অথবা

অর্থনীতি বা উন্নয়ন অর্থনীতিতে প্রথম শ্রেণীর
স্নাতকোত্তর ডিগ্রী।

অথবা

বিভিন্ন শ্রেণীর সন্মানসহ দ্বিতীয় শ্রেণীর স্নাতকোত্তর
ডিগ্রীসহ এনালি পরিবাল্পনা ও উন্নয়নে কমপক্ষে
৭ (সাত) বংসরের অভিজ্ঞতা থাকিতে হইবে।

৪ হিসাব-কান-প্রশাস-
নিক সহকারী।

১৮—৩০ বংসর

সরাসরি নিয়োগের মাধ্যমে

দ্বিতীয় শ্রেণীর স্নাতক ডিগ্রীসহ কোন সরকারী,
আধা-সরকারী এবং/অথবা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে
হিসাব এবং প্রশাসনিক ক্ষেত্রে ৩ (তিন) বংসরের
বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে।

- ৫ বাইনিপিকার ১৮—২৭ বৎসর এই উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশসহ ইংরেজী সীটলিপিতে কমপক্ষে প্রতিমিনিটে ৮০ শব্দের এবং মুদ্রাক্ষর প্রতিমিনিটে ৩০ শব্দের গতি অথবা বাংলা সীটলিপিতে প্রতি মিনিটে ৬০ এবং মুদ্রাক্ষরে প্রতিমিনিটে ২৫ শব্দের গতি থাকিতে হইবে।
- ৬ বাইব্রেরী সহকারী এই উচ্চমাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশসহ বাইব্রেরী সাইন্সে সার্টিফিকেট থাকিতে হইবে।
- ৭ নিম্নমান সহকারী-কাম-মুদ্রাক্ষরিক এই মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পাশসহ মুদ্রাক্ষরে প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ শব্দের অথবা বাংলায় ২৫ শব্দের গতি থাকিতে হইবে।
- ৮ ড্রাইভার এই ন্যূনতম পক্ষে অষ্টম শ্রেণী পাশসহ বৈধ ড্রাইভিং লাইসেন্সের অধিকারী হইতে হইবে।
- ৯ এম, এল, এস, এস এই ন্যূনতম পক্ষে অষ্টম শ্রেণী পাশ হইতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

টৌধুরী এ, কে, এম, আমিনুল হক

সচিব।

যে: সিপিএফের সহকারী, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকারী মুদ্রাগার, ঢাকা কর্তৃক মন্বিত।
 বাংলাদেশের বাহু, হুজুর কামিষ, ডেপুটি কম্পোজার, বাংলাদেশ সরকার ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।